অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/10/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ক্ষুদ্র ও মাঝারি আকারের নির্মাতাদের COVID-19 মহামারী থেকে আরোগ্য লাভে সাহায্য করার জন্য 2.3 মিলিয়ন মার্কিন ডলার কেয়ার অ্যাক্ট তহবিল বাবদ প্রদানের ঘোষণা করেছেন

COVID-19 মহামারী থেকে পুনরুদ্ধার হচ্ছেন যে নির্মাতারা, তাদেরভবিষ্যৎ প্রতিযোগিতার জন্য নিজেদের অবস্থিত করার জন্য সহায়তা করার উদ্যোগ

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ চারটি প্রতিষ্ঠানের জন্য 2.3৩ মিলিয়ন মার্কিন ডলার কেন্দ্রীয় কেয়ার অ্যাক্ট (Coronavirus Aid, Relief, and Economic Security Act, CARES Act) তহবিল ঘোষণা করেছেন যা ছোট এবং মধ্যম আকারের নির্মাতাদের জন্য যখন তারা COVID-19 মহামারির মধ্যে পরিবর্তনশীল বাজারের সাথে মানিয়ে নেওয়ার জন্য চেষ্টা করছেন, তাদের গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদানের জন্য সাহায্য করে। তহবিলপ্রাপ্তরা, যারা হলেন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) দ্বারা মনোনীত নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ সেন্টার (New York Manufacturing Extension Partnership centers), যারা বিদেশ থেকে ব্যবসা ফিরিয়ে আনতে, সরবরাহ শৃঙ্খল পুনর্গঠন, ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম প্রাপ্ত হতে, নিরাপত্তা এবং দক্ষতা উন্নত করতে, নতুন প্রযুক্তি অবলম্বন করতে এবং ভবিষ্যৎ বিঘ্নের জন্য স্থিতিশীলতা বৃদ্ধি করতে কোম্পানিগুলিকে সহায়তা করতে এই তহবিল ব্যবহার করবেন।

"যখন নিউ ইয়র্ক বর্তমানে COVID-19 মহামারীর সাথে লড়াই করছে, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা ভবিষ্যতের জন্য পরিকল্পনা করি, বিশেষ করে যখন ব্যবসায়ীগুলি পর্যায়ক্রমে পুনরায় খোলার কাজে অংশ নিচ্ছে এবং নিউ ইয়র্কবাসীরা কাজে ফিরে আসছে," **গভর্নর কুওমো বলেছেন।** "এই CARES অ্যাক্ট তহবিল নির্মাতাদের সরবরাহ শৃঙ্খল, PPE এবং প্রযুক্তি অ্যাক্সেস করতে সাহায্য করবে যা তাদের কর্মীদের রক্ষা করতে এবং এই কঠিন অর্থনৈতিক পরিবেশে প্রতিযোগিতামূলক থাকতে সাহায্য করবে। প্রকৃত অর্থে ক্ষুদ্র ব্যবসা এবং সম্প্রদায়গুলিকে শক্তিশালী করতে যথাযথভাবে প্রয়োগ করা কেন্দ্রীয় তহবিল এটাই করতে পারে।"

"আমাদের অর্থনৈতিক উন্নয়ন এবং বিনিয়োগ প্রচেষ্টার কারণে আমরা দেশব্যাপী সম্প্রদায়গুলিকে রূপান্তরিত করেছি, এবং আমরা যে অগ্রগতি করেছি তার সব কিছু আমরা হারাতে পারি না," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "COVID-19 মহামারী আমাদের ব্যবসা, অর্থনীতি এবং সারা রাজ্যের বাসিন্দাদের জন্য ক্ষতিকর প্রভাব ফেলেছে। নির্মাতাদের জন্য এই 2.3 মিলিয়ন মার্কিন

ডলারের তহবিল তাদের সঙ্কট থেকে পুনরুদ্ধার করতে এবং PPE প্রাপ্ত হতে, নিরাপত্তা এবং দক্ষতা উন্নত করতে, এবং নতুন প্রযুক্তির সাথে মানিয়ে নিতে সক্ষম হতে সাহায্য করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা আরো ভালো ভাবে গড়ে তুলতে এবং আমাদের ব্যবসা এবং আমাদের সম্প্রদায়গুলি যাতে মহামারীর পরবর্তী ভবিষ্যতের জন্য আরো শক্তিশালী এবং আরো স্থিতিশীল হয় তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

ফেডারেলভাবে মনোনীত নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ সেন্টার (New York Manufacturing Extension Partnership, NY MEP), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন বিভাগ (Division of Science, Technology and Innovation, NYSTAR) ন্যাশনাল ইনস্টিটিউট অফ স্ট্যান্ডার্ডস এন্ড টেকনোলজির (National Institute of Standards and Technology) মাধ্যমে জরুরী সহায়তা প্রদান করছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট চলমান COVID-19 মহামারীর সময় নিউ ইয়র্ক স্টেটের অনেক অসুবিধার সম্মুখীন হওয়া ব্যবসার জন্য প্রতিটি উপলব্ধ সংস্থান ব্যবহার করছে, এবং এই তহবিল নির্মাতাদের নিরাপদে কাজ করতে এবং এই মহামারীর কারণে ভবিষ্যতের বাজার বিঘ্নিত হওয়ার জন্য নিজেদের প্রস্তুত করতে সাহায্য করবে।"

2.3 মিলিয়ন মার্কিন ডলার নিম্নলিখিত সংস্থাগুলিকে প্রদান করা হয়েছে:

সেন্টার ফর ইকোনমিক গ্রোথ (Center for Economic Growth, CEG) – 800,000 মার্কিন ডলার
CEG, রাজধানী অঞ্চলে অবস্থিত NY MEP সেন্টার, রাজ্যব্যাপী কোম্পানিগুলোকে ব্যবসাগুলি দেশে ফিরিয়ে আনতে এবং সরবরাহ শৃঙ্খল পুনর্গঠনে সহায়তা করবে। এই উদ্যোগ দক্ষতার ব্যবধান, উৎপাদন খরচ কমানো, উৎপাদনের জন্য বিকল্প উপাদান চিহ্নিত করা, পণ্যের পুনঃনকশা তৈরি করা, এবং অন্যান্য দেশ থেকে নিউ ইয়র্ক রাজ্যে উৎপাদন সরিয়ে আনার অন্যান্য বাধা মোকাবেলার উপর মনোযোগ প্রদান করবে।

ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজি অ্যাসিস্ট্যান্স কর্পোরেশন (Industrial & Technology Assistance Corporation, ITAC) – 650,000 মার্কিন ডলার
নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত NY MEP সেন্টার ITAC বর্তমান বা ভবিষ্যৎ মহামারীর সময় যাতে রাজ্য ব্যাপী কোম্পানিগুলি নিরাপদে কাজ করতে পারে তা নিশ্চিত করতে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (Personal Protective Equipment, PPE) প্রাপ্ত হতে পারে তার জন্য সহায়তা করবে।

ম্যানুফ্যাকচারিং অ্যান্ড টেকনোলজি এন্টারপ্রাইজ সেন্টার (Manufacturing and Technology Enterprise Center, MTEC) – 500,000 মার্কিন ডলার
হাডসন উপত্যকায় অবস্থিত NY MEP সেন্টার MEP, রাজ্য জুড়ে নির্মাতাদের ভার্চুয়াল মূল্যায়ন পরিচালনা করবে যাতে তারা নিরাপদে, কার্যকরভাবে এবং দক্ষতার সাথে কাজ করে তা নিশ্চিত

করা যায়, এবং নতুন প্রযুক্তি ও প্রক্রিয়া গ্রহণ সহ উৎপাদনশীলতা এবং নিরাপত্তা উন্নয়নে নির্মাতাদের সাহায্য করার উপায় চিহ্নিত করবে।

ফিউজহাব (FuzeHub) – 3,50,000 মার্কিন ডলার
NY MEP রাজ্যব্যাপী কেন্দ্র ফিউজহাব, সারা রাজ্য জুড়ে যত বেশি সম্ভব নির্মাতাদের কাছে পৌঁছাতে ভার্চুয়াল ওয়েবিনার এবং কর্মশালা উন্নয়ন, সরবরাহ এবং বিতরণ করবে। প্রশিক্ষণ এবং তথ্য আদান-প্রদানের মধ্যে থাকবে জরুরী প্রস্তুতি, সঙ্কটের সময় সরবরাহ শৃঙ্খল ব্যবহার, সাইবার নিরাপত্তা এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার মতো বিষয়।

প্রতিনিধি পল টংকো বলেন, "আমরা কংগ্রেসের মাধ্যমে করোনভাইরাস সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষার CARES আইনকে এগিয়ে নিয়ে যাই, যাতে দেশ জুড়ে স্থানীয় সম্প্রদায় এবং আঞ্চলিক অর্থনীতিতে জরুরী সহায়তা প্রদান করা যায়। এই করোনভাইরাস সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষা CARES আইনের তহবিল এই উদ্দেশ্যটিতে সহায়তা করে নিউ ইয়র্কের ক্ষুদ্র ও মাঝারি আকারের নির্মাতাদের একটি লাইফলাইন নিক্ষেপ করে, গুরুত্বপূর্ণ সাপ্লাই চেইনগুলিতে প্রবেশাধিকার বজায় রাখতে তাদের সহায়তা করে, ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম অর্জন করে, এবং সেই প্রযুক্তি বাস্তবায়ন করতে সাহায্য করে যা তাদের এই ঝড়ের আবহাওয়ায় এবং ভবিষ্যতের জন্য আরো স্থিতিশীল হয়ে উঠতে সাহায্য করবে। এই তহবিল যাতে নিউ ইয়র্কের ক্ষুদ্র ও মাঝারি আকারের নির্মাতা এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের সমর্থনে কার্যকরভাবে এবং দক্ষতার সাথে পরিচালিত হয় তা নিশ্চিত করার জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করি।"

নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (NY MEP) সম্পর্কে
ন্যাশনাল ইনস্টিটিউট অফ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেকনোলজির (National Institute of Standards and Technology, NIST) হলিংস ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (MEP) ক্ষুদ্র ও মাঝারি আকারের মার্কিন নির্মাতাদের সাথে কাজ করে, তাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করতে এবং ধরে রাখতে, লাভের বৃদ্ধি এবং সময় এবং অর্থ সঞ্চয় করতে সাহায্য করার জন্য। এই দেশব্যাপী নেটওয়ার্ক উদ্ভাবনী কৌশল এবং প্রক্রিয়াকরণের উন্নতি থেকে, টেকসই উৎপাদন, সাপ্লাই চেইন এবং প্রযুক্তি ত্বরণ পরিষেবার মতো বিভিন্ন ধরনের পরিষেবা প্রদান করে। এছাড়াও ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (MEP) কেন্দ্রগুলি রাজ্য এবং ফেডারেল স্তরে সেই সকল কার্যক্রমে অংশীদারদের সাথে কাজ করে যা নির্মাতাদের নতুন গ্রাহক উন্নয়ন, নতুন বাজারে সম্প্রসারণ এবং নতুন পণ্য তৈরি করতে সাহায্য করে।

মার্কিন বাণিজ্য বিভাগের (U.S. Department of Commerce) একটি কার্যক্রম হিসেবে, ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (MEP) নির্মাতাদের সুযোগ চিহ্নিত করতে সাহায্য করার জন্য বিভিন্ন কার্যকর সম্পদ প্রদান করে যা বিশ্বব্যাপী বাজারে তাদের প্রবৃদ্ধি এবং প্রতিযোগিতাকে ত্বরান্বিত করবে। ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (MEP) প্রতিটি রাজ্যে অবস্থিত 1,200 জনেরও বেশি প্রযুক্তিগত বিশেষজ্ঞদের একটি দেশব্যাপী নেটওয়ার্ক। তারা বিশ্বস্ত ব্যবসায়িক উপদেষ্টা হিসেবে কাজ করে, যারা মার্কিন নির্মাতাদের বিশ্বব্যাপী প্রতিযোগিতা করার জন্য সাপ্লাই চেইন ইন্টিগ্রেশন সমর্থন, এবং উন্নত উৎপাদনশীলতার জন্য প্রযুক্তিতে প্রবেশাধিকার প্রদান করার উপর

মনোযোগ দেয়। ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (MEP) 50টি রাজ্য এবং পুয়ের্টো রিকো জুড়ে অবস্থিত উৎপাদন সম্প্রসারণ কেন্দ্রগুলিকে ঘিরে নির্মিত হয়েছে। ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (MEP) কেন্দ্রগুলি রাজ্য, বিশ্ববিদ্যালয়-ভিত্তিক অলাভজনক প্রতিষ্ঠান, এবং অন্যান্য অলাভজনক প্রতিষ্ঠানের একটি বৈচিত্র্যময় নেটওয়ার্ক, যা সেই সব পণ্য এবং পরিষেবা প্রদান করে যা তাদের স্থানীয় নির্মাতাদের গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (ESD) বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন বিভাগ (NYSTAR) নিউ ইয়র্ক রাজ্যের জন্য মনোনীত ম্যানুফ্যাকচারিং এক্সটেনশন পার্টনারশিপ (MEP) কেন্দ্র। এগারোটি কেন্দ্র (দশটি আঞ্চলিক এবং একটি রাজ্যব্যাপী) প্রতিযোগিতা করে এবং এই কার্যক্রমের অধীনে পরিষেবা ও সহায়তা প্রদানের জন্য মনোনীত হয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন